গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০২২.১৯.২৬১

তারিখঃ ১৩ আষাঢ় ১৪২৬ / ২৭ জুন ২০১৯

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থবছরের মে ২০১৯ পর্যন্ত জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২০ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: shamimrafi1968@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: পরিচালক-৫)
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮। অতিরিক্ত সচিব (বাজেট/উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। ই-ইনসি ইঞ্জিনিয়ার পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০। যুগ্মসচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১২। মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মে ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	১০.০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ১২টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর কনস্ট্রাকশন ব্রিগেড ২৪ ও ৩৪ কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থবছরে আরএডিপিতে ২২০০.৯৯ কোটি টাকা বরাদ্দ আছে, যা এ বিভাগের আরএডিপি বরাদ্দের ১১.১৫%। মে ২০১৯ পর্যন্ত ১৭৫৪.৬১ কোটি টাকা (৭৯.৭২%) ছাড় করে ১৭১৯.৪০ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বরাদ্দের তুলনায় ব্যয়ের হার ৭৮.১২%। চলতি অর্থবছরে জাতীয় আর্থিক অগ্রগতির হার ৬৭.৬৯%। চলমান, নতুন অনুমোদিত এবং প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন/প্রক্রিয়াকরণ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আলোচনা ও সিদ্ধান্তঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশে যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নীতকরণ মেয়াদ: (১/৩/১৬-৩০/৬/১৯)	সংশোধিত অনুমোদিত ডিপিপির আলোকে প্রকল্পটি সমাপ্তকরণের লক্ষ্যে জুরাইন অংশে ইউটিলিটি অপসারণ এবং ভূমি অধিগ্রহণ জটিলতা নিরসন করে দ্রুত বাস্তবায়ন কাজ সমাপ্ত করার পরামর্শ দেয়া হয়। প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে পিসিআর মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সংশোধিত অনুমোদিত ডিপিপির আলোকে প্রকল্পটি সমাপ্তকরণের লক্ষ্যে জুরাইন অংশে ইউটিলিটি অপসারণ এবং ভূমি অধিগ্রহণ জটিলতা নিরসন করে দ্রুত বাস্তবায়ন কাজ সমাপ্ত করতে হবে। (খ) প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে পিসিআর মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর
৩.২ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ মেয়াদ: (১/১১/১৮-৩০/৬/১৯)	চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়। প্রকল্প বাস্তবায়নে যে সকল জটিলতা রয়েছে তা BBA এর সাথে আলোচনা করে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়। এ লক্ষ্যে অতিরিক্ত সচিব উন্নয়ন বিষয়টি তদারকি করবেন। বুড়িগঙ্গা সেতুর ওপর পর্যাপ্ত আলোর জন্য বৈদ্যুতিক বাতি স্থাপনের ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়। সভায় জানানো হয় যে, সওজ অধিদপ্তরের অফিস পরিদর্শন বাংলো পুনঃস্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।	(ক) চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে। (খ) প্রকল্প বাস্তবায়নে যে সকল জটিলতা রয়েছে তা BBA এর সাথে আলোচনা করে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) বুড়িগঙ্গা সেতুর ওপর বৈদ্যুতিক বাতি স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) সওজ অধিদপ্তরের অফিস পরিদর্শন বাংলো পুনঃস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঙ) এবিষয়ে মন্ত্রণালয়ে শীঘ্রই একটি সভা আহবান করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও অতিরিক্ত সচিব উন্নয়ন এবং পরিকল্পনা উইং

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	এবিষয়ে মন্ত্রণালয়ে শীঘ্রই একটি সভা আহবান করার পরামর্শ দেয়া হয়।		
৩.৩ আলীকদম-জ্বালানীপাড়া-কুরুকপাতা-পোয়ামুহুরী সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/১৯)	সংশোধিত ডিপিপির উপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়।	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.৪ বগাছড়ি-ননিয়ারচর-লংগদু সড়কের ১০ম কি:মি: এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ মেয়াদ: (১/১১/১৬-৩১/১২/১৯)	ভূমি অধিগ্রহণের বিষয়টি দ্রুত সমাধান করে বাস্তবায়ন কাজ সমাপ্ত পরামর্শ দেয়া হয়। প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আহবানের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(ক) ভূমি অধিগ্রহণের বিষয়টি দ্রুত সমাধান করে বাস্তবায়ন কাজ সমাপ্ত করতে হবে। (খ) প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.৫ সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪ লেন মহাসড়ক উন্নয়ন মেয়াদ: (১/৪/১৭- ৩১/১২/১৯)	চলতি অর্থবছরে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করে প্রকল্প কার্যক্রম সমাপ্ত করার নির্দেশনা দেয়া হয়।	(ক) চলতি অর্থবছরে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে। (খ) প্রকল্প কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে।	২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড এবং যুগ্মপ্রধান
৩.৬ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২০)	সংশোধিত ডিপিপির উপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.৭ মিরপুর ডিওএইচএস গেট-২ হতে মিরপুর-১২ বাসস্ট্যান্ড পর্যন্ত মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প মেয়াদ: (১/৭/১৭- ৩১/১২/১৯)	চলতি অর্থবছরে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হয়।	চলতি অর্থবছরে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে।	২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.৮ সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়) মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/২১)	ডিজাইন সম্পন্ন করে সংশোধিত ডিপিপি চূড়ান্তপূর্বক ১৫ জুন ২০১৯ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ না করায় গভীর অসন্তোষ প্রকাশ করা হয়। এ প্রকল্পের আওতায় সড়কের দৈর্ঘ ৩১৭ কিলোমিটার হতে বৃদ্ধি পেয়ে ৪০৫ কিলোমিটার হবে বলে সভায় উল্লেখ করা হয়। সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।	সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.৯ ঢাকা-আরিচা মহাসড়কের সাভর সেনানিবাসস্থ শ্যুটিং ক্লাব পয়েন্টে আন্ডারপাস নির্মাণ মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/১৯)	প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়। প্রকল্পের আওতায় অন্যান্য ব্যয়খাত থেকে ভাতাদি গ্রহণ করা যাচ্ছে না	(ক) প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। (খ) অর্থবিভাগের সাথে যোগাযোগ করে প্রকল্পের আওতায় অন্যান্য	২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড এবং

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	বলে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে করণীয় কি তা অর্থবিভাগের সাথে যোগাযোগ করে সমাধানের জন্য পরামর্শ দেয়া হয়।	ব্যয়খাত থেকে ভাতাদি গ্রহণ করা না যাওয়ার কারন সমাধান করতে হবে।	যুগ্ম প্রধান
৩.১০ রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ মেয়াদ: (১/৭/১৮- ৩১/১২/২০)	নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করে চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।	২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.১১ ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এবং কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ মেয়াদ: (১/১/১৮- ৩১/১২/১৯)	নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করে চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার জন্য সংস্থাকে নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর, ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.১২ মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুনঃনির্মাণ ২য় পর্যায় মেয়াদ: (১/১২/১৮- ৩১/১২/২১)	আগামী অর্থবছরের কর্মপরিকল্পনা প্রনয়ণপূর্বক এখনই কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়।	আগামী অর্থবছরের কর্মপরিকল্পনা প্রনয়ণপূর্বক এখনই কার্যক্রম গ্রহণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.০ নতুন অননুমোদিত প্রক্রিয়াধীন প্রকল্প			
৪.১ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ (২৩ কিলোমিটার) প্রশস্থকরণ ও ৬ কিলোমিটার পুন:নির্মাণ	পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়।	পিইসি সভা আয়োজনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.২ মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিলোমিটার ক্ষতিগ্রস্থ অংশে ফ্লাইওভার নির্মাণ	পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি'র ওপর পিইসি সভা আয়োজনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য বলা হয়। পর্যটকদের জন্য Tourist Bus এর ব্যবস্থা রাখার জন্য এ বিভাগের এস্টেট উইং-কে কার্যকরী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে পরামর্শ দেয়া হয়।	(ক) পিইসি সভা আয়োজনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (খ) পর্যটকদের জন্য Tourist Bus এর ব্যবস্থার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড এবং এস্টেট উইং
৪.৩ ওয়াকওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট)	পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়।	ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.৫ লেবুখালী-রামপুর-মির্জাগঞ্জ	পরিকল্পনা কমিশনে প্রেরিত ডিপিপি	ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণ	সওজ অধিদপ্তর,

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সংযোগ সড়ক নির্মাণ	অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়।	ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও পরিকল্পনা কমিশন
৫. বিবিধ	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে সকল প্রকল্প পরিচালকদের প্রকল্প এলাকায় অবস্থানের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে নির্ধারিত ছকে জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ সমাপ্ত করে তিন মাসের মধ্যে পিসিআর মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়।	(ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে সকল প্রকল্প পরিচালকদের প্রকল্প এলাকায় অবস্থান করতে হবে। (খ) কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে নির্ধারিত ছকে জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (গ)সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ সমাপ্ত করে তিন মাসের মধ্যে পিসিআর মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর ও ৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড

৬. আর কোন আলোচনা না থাকায় সভায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ